

মুন্সীগঞ্জের গজারিয়ায় মেঘনা নদীতে বন্ধুদের সাথে বেড়াতে এসে পানিতে ডুবে ইমাম হোসেন নয়ন (২৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে নিহত ইমাম নারায়নগঞ্জ জেলার ফতুল্লা উপজেলার জামতলা গ্রামের জাকির হোসেনের ছেলে। তিন ভাইয়ের মধ্যে সবার ছোট নয়ন, পড়াশোনার পাশাপাশি এশিয়া টেক নামে একটি কোম্পানিতে চাকরি করতেন বলে জানা গেছে।

বৃহস্পতিবার (১মে) বিকাল সাড়ে ৫টার দিকে উপজেলার চর রমজানবেগ এলাকা সংলগ্ন মেঘনা নদী থেকে তার লাশ উদ্ধার করে নৌ পুলিশ। এর আগে বিকাল ৩টার দিকে বন্ধুদের সাথে নদীতে গোসল করতে নেমে নিখোঁজ হয় সে। জানা যায়, নয়ন ছুটির দিনে সহকর্মীদের সঙ্গে বেড়াতে আসেন মিনি কক্সবাজার হিসেবে পরিচিত মুন্সীগঞ্জের গজারিয়ার চর রমজানবেগ এলাকায়। দুপুরে সেখানে ছয় বন্ধু মিলে গোসল করতে নামেন। হঠাৎ নিখোঁজ হন নয়ন। সঙ্গে থাকা বন্ধুরা ৯৯৯ কল করে সাহায্য চান। খবর পেয়ে নৌ পুলিশ, ফায়ার সার্ভিস সদস্যরা এসে তাকে মৃত অবস্থায় পানির নিচ হতে উদ্ধার করে। বিষয়টি নিশ্চিত করে গজারিয়া নৌ পুলিশ ফাড়ির ইনচার্জ সুরনজিত জানান, বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার দিকে নিহতের লাশ উদ্ধার করে, তার স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

Generated on 27 June, 2025 13:43

URL: <https://www.timestodaybd.com/public/dhaka/7758071750>